

**বাজেটে শিক্ষাখাতে ২০ ভাগ  
ও উচ্চশিক্ষায় জিডিপি  
৮ ভাগ বরাদ্দ দিন**

— ইউজিসি চেয়ারম্যান

বিষয়বিশেষ রিপোর্টার

আসন্ন জাতীয় বাজেটের ২০ ভাগ শিক্ষাখাতে এবং মোট জিডিপির ৮ ভাগ উচ্চশিক্ষায় বরাদ্দ দেয়ার সুপারিশ করেছেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক ড. একু আজাদ চৌধুরী। সোমবার রাজধানীর একটি ঘোটে সে এক অনুষ্ঠানে এ সুপারিশ করেন তিনি। ইউজিসি চেয়ারম্যান বলেন, বাংলাদেশে বর্তমানে ২০ দশক স্বাভাবিকী উচ্চশিক্ষা গ্রহণ করছে। যা অনেক দেশে জনসংখ্যাও নেই। বিশ্বায়নের যুগে এটা একটি ইতিবাচক ও তাৎপর্যপূর্ণ দিক। এই যুগে এসব শিক্ষার্থীকে যদি মানসম্মত শিক্ষা দেয়া যায়, তাহলে স্বাধীনতার সুবর্ণযুগের উন্নয়নকালে আমরা একটি মধ্য-আয়ের দেশ হিসেবে পরিণত হতে পারব। মন্ত্রণালয় লুভনে ব্রিটিশ কন্সিল অ্যাডভান্সড 'গোয়িং মোবান' সম্মেলনে বাংলাদেশ থেকে অংশ নেন ৭ জন প্রতিনিধি। এসব প্রতিনিধির সংবাদ সম্মেলন ছিল সোমবার। অনুষ্ঠান থেকে উচ্চশিক্ষায় প্রাইভেট ও কর্পোরেট প্রতিষ্ঠানকে এগিয়ে আসার আহ্বান জানিয়ে প্রতিনিধি দলের সদস্যরা বলেন, অক্সফোর্ড, হার্ভার্ডসহ বিশ্বের বিখ্যাত বিশ্ববিদ্যালয়গুলোর অর্পন গ্রহণ করে থাকে প্রাইভেট ও কর্পোরেট প্রতিষ্ঠানগুলো।